গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
(প্রশাসন শাখা)
www.doict.gov.bd

স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০০৮.২৩.০০৭.১৯-১৫৫৫

তারিখঃ ০৫ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়: "ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯" উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত তালিকা প্রেরণ।**

**সূত্র:** আইসিটি বিভাগের গত ০৩/১১/২০১৯ খ্রিষ্টাব্দ তারিখের আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সহযোগিতায় আগামী ১২ ডিসেম্বর ২০১৯ তারিখ দেশে ও বিদেশে বর্ণাঢ্যভাবে ৩য় বারের মত **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উদ্‌যাপিত হবে। এবারের দিবসটি উদ্‌যাপন উপলক্ষে আগামী ১২ ডিসেম্বর ২০১৯, বৃহস্পতিবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আয়োজিত মূল অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী **শেখ হাসিনা এমপি** প্রধান অতিথির আসন অলংকৃত করতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবসের প্রতিপাদ্য **"সত্য-মিথ্যার যাচাই আগে, ইন্টারনেটে শেয়ার পরে"**।

০২। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যারা মানবসম্পদ উন্নয়ন, কানেক্টেড সিটিজেন, ইগভর্নেন্স ও আইসিটি ইন্ডাস্ট্রি প্রোমোশন এর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন তাদের **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উপলক্ষে জাতীয়ভাবে পুরস্কার/সম্মাননা প্রদান করা হবে। বেসরকারি পর্যায়ে ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে অনন্য অবদান রাখার জন্য পুরস্কার/সম্মাননা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত ছক মোতাবেক তালিকা প্রয়োজন।

| | | |
|---|---|---|
| **আইসিটি সংগঠনের নাম** | : | |
| **শ্রেষ্ঠ রপ্তানিকারক (প্রতিষ্ঠান) (IT/ITES)** | : | ১)............ ২)................৩)................ |
| **শ্রেষ্ঠ কর্মসংস্থান সৃষ্টিকারী (প্রতিষ্ঠান) (IT/ITES)** | : | ১)............ ২)................৩)................ |

০৩। এমতবস্থায়, **"ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৯"** উপলক্ষে পুরস্কার/সম্মাননা প্রদানের জন্যে আগামী ২৩ নভেম্বর ২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে উল্লিখিতভাবে মনোনয়নের তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

২০/১১/১৯

(মৃনাল কান্তি দেব)
অতিরিক্ত সচিব
(অর্গানাইজেশনাল সাপোর্ট এন্ড
ইনোভেশন অনুবিভাগ)
আইসিটি বিভাগ
ও
আহ্বায়ক
পুরস্কার/সম্মাননা উপ-কমিটি, ডিজিটাল
বাংলাদেশ দিবস ২০১৯
ফোন: +৮৮-০২-৮১৮১৫৪৮
ই-মেইলঃ mrinal@ictd.gov.bd

**বিতরণ:**

১। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)
২। সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)
৩। সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)
৪। সভাপতি, বাংলাদেশ ওমেন ইন টেকনোলজি (বিডাব্লিওআইটি)
৫। সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)
৬। সভাপতি, এসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ (এমটব)
৭। সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ

(আইএসপিএবি)

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে) প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপসচিব (আইসিটি প্রমোশন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

৪। অফিস নথি / মাস্টার ফাইল।